দৈনিক জনকণ্ঠ

তারিখ: 08 MAR 2015
পৃষ্ঠা:

# ছাত্রমৈত্রীর ৬৫ সদস্যের নতুন কমিটি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বাংলাদেশ ছাত্র মৈত্রীর ৬৫ সদস্যবিশিষ্ট নতুন কমিটি ঘোষণা করা হয়েছে। নতুন এই কমিটিতে সভাপতি নির্বাচিত হয়েছেন আবুল কালাম আজাদ ও সাধারণ সম্পাদক হয়েছেন অর্ণব দেবনাথ। শনিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সদ্য বিদায়ী কমিটির সভাপতি বাপ্পাদিত্য বসু এবং সাধারণ সম্পাদক তানভীর রুসমত নতুন এই কমিটির নেতাকর্মীদের সঙ্গে সাংবাদিকদের পরিচয় করিয়ে দেন। এর পর সংগঠনটির তিন দিনব্যাপী ১৮তম জাতীয় সম্মেলন এবং পরবর্তী কর্মসূচী নিয়ে কথা বলেন তাঁরা।